# যে মার্কেটিং বিক্রি বাড়ায়

শাহরোজ ফারদি




মার্কেটিং

# যে মার্কেটিং বিক্রি বাড়ায়

লেখক
শাহরোজ ফারদি

বইপিয়ন
প্রকাশনী

# সূচিপত্র


বিজনেস মাইন্ডসেট ........................................ ১৩

বইটি পড়লে যেসব স্কিল রপ্ত করতে পারবেন ........................................ ১৫

আইডিয়া জেনারেট ........................................ ২২

লাভজনক বিজনেস আইডিয়া বের করার কৌশল ........................................ ২৩

বিজনেস গোল ........................................ ২৪

বিজনেস প্ল্যান ........................................ ২৬

নিশ এবং প্রোডাক্ট সিলেকশন ........................................ ২৮

নিশ সিলেকশন ........................................ ২৯

প্রোডাক্ট সিলেকশন ........................................ ৩০

লাভজনক প্রোডাক্ট বের করবেন যেভাবে ........................................ ৩১

মার্কেট এনালাইসিস ........................................ ৩৫

সেলস পিচ এন্ড ক্যালকুলেশন ........................................ ৩৮

মার্কেটিং ফান্ড ........................................ ৪৪

কাস্টমার-কনজ্যুমার ........................................ ৪৮

lookalike audience ........................................ ৫২

স্টোরি টেলিং সিকোয়েন্স ........................................ ৫৬

গল্পের মতো স্ক্রিপ্ট সাজাতে যেসব উপাদান প্রয়োজন ........................................ ৬০

স্টোরি টেলিং মেথড অনুযায়ী সিকোয়েন্স সাজাবেন যেভাবে ............৬৩

কন্টেন্ট প্ল্যানিং ............................................................৭৩

ReTargeting-Remarketing ..............................................৭৮

পিক্সেল সেটাপ................................................................৮২

ই-কমার্স ......................................................................৮৫

🖰 বাংলাদেশে ই-কমার্স ব্যবসার হালচাল ...........................৮৬

🖰 ই-কমার্স ব্যবসার গুরুত্ব ...............................................৮৭

🖰 ঠিক যে কারণে আজকে থেকেই আপনার ই-কমার্স শুরু করা উচিত .............................................................................৮৮

🖰 ভাবছেন কিভাবে পরিচালনা করবেন ই কমার্স ব্যবসা? .........৮৯

🖰 কর্মী ছাড়াই ব্যবসা .........................................................৮৯

🖰 ই-কমার্স ব্যবসার কিছু সিক্রেট টিপস ..............................৯০

🖰 ই-কমার্স বিজনেস প্ল্যানঃ ...............................................৯০

🖰 ই-কমার্স বিজনেস প্ল্যানিং কেমন হয়?.............................৯০

🖰 ই-কমার্স ব্যবসায় সফল হওয়ার ধাপ সমুহ .........................৯১

🖰 ই-কমার্স শুরুর গাইডলাইন ...............................................৯২

ফেসবুক মার্কেটিং ............................................................৯৩

ডিজিটাল মার্কেটিং ও ফেসবুক মার্কেটিং এর সম্পর্ক ..............৯৩

ফেসবুক মার্কেটিং কেন করবেন?..........................................৯৩

বাংলাদেশ থেকে মার্কেটিং এর সেরা প্ল্যাটফর্ম ফেসবুক.............. ৯৪

ফেসবুক মার্কেটিং কত প্রকার? ............................................৯৫

ফেসবুক পেইড মার্কেটিং কেমন হয়ে থাকে? .........................৯৫

পেইড মার্কেটিংয়ের সুবিধা ........................................................৯৫
ফ্রি ফেসবুক মার্কেটিং কি? ........................................................৯৬
ফেসবুকে ফ্রি মার্কেটিংয়ের সুবিধাঃ ........................................................৯৬
যেভাবে করবেন ফেসবুক মার্কেটিং ........................................................৯৬
ফেসবুক মার্কেটিং শুরুর আগে যা করবেন ........................................................৯৭
ফেসবুক এড ক্যাম্পেইন চালু করার ক্ষেত্রে যেসব বিষয় লক্ষণীয় .. ৯৭
ফেসবুক মার্কেটিং শুরুর পর যা করবেন ........................................................৯৭
এছাড়াও আপনার ফেসবুক এড ক্যাম্পেইন অপটিমাইজ করতে সাহায্য করবে যে কাজগুলো ........................................................৯৮
বুস্টিং এবং ফেসবুক এডস ........................................................৯৮
এখন জেনে নেই, ফেসবুক বুস্টিং আসলে কি জিনিস ? ........................................................৯৯
ফেসবুক মার্কেটিং এর কিছু টিপস এন্ড ট্রিকস ........................................................১০০
Facebook Ads Manager ........................................................১০১
কিভাবে Facebook Ads রান করা হয় ? ........................................................১০২
একটি ল্যান্ডিং পেজ যেমন হতে পারে ........................................................১০৫
Automation ........................................................১০৬
যে মার্কেটিং বিক্রি বাড়ায় ........................................................১০৯
কিছু কথা ........................................................১১১



# বিজনেস মাইন্ডসেট

একটি বিশাল ভবনের মূল স্তম্ভ হলো বেজমেন্ট। তো এই বেজমেন্টের কাজ কি?

আপনি হয়তো বলবেন বিল্ডিংকে শক্ত ধরে রাখাটাই এর কাজ এটা তো কমবেশী সবাই জানে!

আসলে বিজনেস মাইন্ডসেট আর বেজমেন্টের মিল ঠিক এখানেই। স্বপ্ন পূরণে আপনার মাইন্ডসেট হতে হবে বিল্ডিংয়ের সেই বেজমেন্টের মতোই।

বিজনেসের ক্ষেত্রে মাইন্ডসেট খুবই গুরুত্বপূর্ণ একটা বিষয়। কেননা ব্যবসার প্রেক্ষাপট অনুযায়ী আপনাকে রিস্ক নিতে হবে, ব্যবসায় বিভিন্ন রকম ট্রমাটিক সিচুয়েশন আসবে সেগুলোও হ্যান্ডেল করতে হবে।

মাঝে-মধ্যে বিজনেসে লস টানতে হতে পারে, আপনার টিম মেম্বাররা অনেক সময় আপনাকে ছেড়ে চলে যাবে অথবা দেখা গেল আপনি যে রকম ভাবে বিজনেসের প্ল্যান গুলো সাজিয়েছেন তার কিছুই হচ্ছে না।

তো এত এত সমস্যার পর আপনি কি ভেঙে যাবেন? না, আপনি যদি ভেঙ্গে যান তাহলে আপনি সেখানেই হেরে গেলেন, ভেঙে না পরার এই কঠোর মানসিকতাই হলো বিজনেস মাইন্ডসেট। মাইন্ড সেট ঠিক না থাকলে আপনি লাইফে কোন কিছু করেই সফল হতে পারবেন না।

তবে বিজনেস মাইন্ডসেট ঠিক রাখতে যেকোনো বিজনেস লঞ্চ করার পূর্বে আমাদের টিম সর্বপ্রথম নজর দেয় সম্ভাব্য খরচের দিকে, যেন মাঝপথে থামতে না হয়। আমরা low cost স্ট্র্যাটেজীতে বিশ্বাসী, তাই এই বইটি সাজানো হয়েছে সর্বস্তরের উদ্যোক্তামনার কথা চিন্তা করে, যেন অল্প খরচে শুরু করতে পারেন নিজের একটি বিজনেস।

সুতরাং লক্ষ্য অর্জনে থাকতে হবে অটল, হাতছানি দেওয়া স্বপ্নটাকে

বাস্তবায়ন করতে চাইলে আপনাকে এগোতে হবে গোল ও প্ল্যানিং অনুযায়ী। পরের ধাপে গোল আর প্ল্যানিং নিয়ে থাকছে বিস্তারিত আলোচনা।

তবে এর আগে কিছু তথ্য জেনে রাখতে পারেন। বলা যায় বাংলাদেশে অনলাইন বিজনেসের একটি বিপ্লব ঘটেছে ২০২০ সালে। বিশেষ করে জুলাই থেকে সেপ্টেম্বরে লকডাউনের সময় অনলাইনে বিক্রি বৃদ্ধি পেয়েছে ৭০ থেকে ৮০ শতাংশ।

কোভিড-১৯ যখন চলমান, ঐ সময় প্রায় দুই লক্ষ নতুন কর্মসংস্থান সৃষ্টি হয়েছে এই সেক্টরে। তাছাড়া ২০২৪ সালের মধ্যে আরও প্রায় তিন লাখ কর্মসংস্থান তৈরি হবে অনলাইন বিজনেসকে কেন্দ্র করে। আর এই গতিকে ত্বরান্বিত করতে স্থানীয় পর্যায়ে ফেসবুককে টার্গেট করে বাড়ছে নতুন উদ্যোক্তা। এখন আপনিও যদি ভেবে থাকেন অনলাইনে নিজস্ব একটি ব্র্যান্ড প্রতিষ্ঠা করে প্রোডাক্ট সেল করবেন, তাহলে 'ওয়েলকাম', বইটি আপনারই জন্য। তবে বইটি পড়ার শুরুতেই আমি আপনাদেরকে একটি শর্ত জুড়ে দিচ্ছি, ভাবছেন কি সেই শর্ত?

বইটা যখনই হাতে নিবেন বা যতটুকুই পড়বেন সেটা খুবই মনোযোগ সহকারে পড়তে হবে। কারণ বইটিতে রয়েছে মার্কেটিংয়ের প্রয়োজনীয় সব আলোচনা। যার এক টপিকের সাথে আরেক টপিক বেশ ভালো ভাবেই রিলেটেড। তাই মনোযোগ না দিলে মোটেও বুঝতে পারবেন না আসল খেলাটা যে আপনার উইনিং কন্টেন্টে।

বিজনেস ও মার্কেটিংকে সহজ ভাবে বোঝাতে আমি চেষ্টা করেছি অনেক বেশী উদাহরণ দিয়ে বোঝানোর। এমনকি অনলাইন জগতের প্রায় পুরো অভিজ্ঞতা ঢেলে দিয়ে লিখেছি এই বই, তাই আশা করতেই পারি আপনি বইটি গভীর মনোযোগে পড়বেন।

মার্কেটিংয়ের প্রথম দিন থেকে সেলস পাওয়ার সিক্রেট টিপস হিসেবে থাকছে স্টোরি টেলিং সিকোয়েন্স অনুযায়ী বিজ্ঞাপন সাজানোর যাবতীয় পদ্ধতি এবং এর পাশাপাশি সলিড মার্কেটিং স্ট্র্যাটাজী ইমপ্লিমেন্ট করার বিস্তারিত আলোচনা। তার আগে চলুন জেনে আসা যাক বইটি পড়লে কোন কোন স্কিল দিয়ে নিজেকে শাণিত করতে পারবেন।

# লাভজনক বিজনেস আইডিয়া বের করার কৌশল

একটি লাভজনক বিজনেস আইডিয়া অনেকগুলো কারণেই গুরুত্বপূর্ণ। কেননা এর মাধ্যমে ব্যবসার মালিক হিসেবে আপনি পাবেন স্থায়ী একটি ইনকাম সোর্সের নিশ্চয়তা।

বিজনেসের ক্ষেত্রে লক্ষ্য করলে দেখবেন, যে আইডিয়াতে লাভের সম্ভাবনা উঁকি দেয় শেষ পর্যন্ত ঐ ব্যবসার মাধ্যমে পর্যাপ্ত পরিমাণ রেভিনিউ জেনারেটও সম্ভব হয়। তাছাড়া একটি ব্যবসা বাজারে টিকে গেলে তা এর মালিক ও কর্মচারীদেরকে আর্থিক সিকিউরিটি ও মানসিক প্রশান্তি প্রদান করে।

একটি বিজনেস আইডিয়ার সম্ভাব্য লাভের সক্ষমতা মূল্যায়নে,

**প্রথমত**, মার্কেটিং ও পণ্য ক্রেতার হাত পর্যন্ত পৌছাতে টোটাল খরচ এবং সম্ভাব্য রেভিনিউ কত আসতে পারে তা বের করতে হবে।

**দ্বিতীয়ত**, ব্যবসার সম্ভাব্য ঝুঁকি এবং চ্যালেঞ্জগুলো চিহ্নিত করতে হবে।

**তৃতীয়ত**, মার্কেটে আপনার প্রোডাক্টের চাহিদা কেমন এবং তা কতদিন লাস্টিং করবে সেটাও এনালাইসিস করতে হবে। এর পাশাপাশি কিভাবে মার্কেটিং করলে টার্গেট কাস্টমার পণ্য কিনবে সেটা বুঝতে, তাদের চাহিদা এবং ট্রেন্ডস নিয়ে রিসার্চ করতে হবে। তাছাড়াও মার্কেট অনুযায়ী লাভজনক বিজনেস আইডিয়া তৈরীতে কম্পিটিটর এনালাইসিসও মহা গুরুত্বপূর্ণ।